# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সফরে বের হওয়ার দু'আ বলুন

সফরে বের হওয়ার সময় যানবাহনে চড়ে নিম্নের দু'আদি পঠনীয়;

আল্লাহু আকবার ৩বার। অতঃপর পূর্বোক্ত 'সুবহানাল্লাযী----' পাঠ করে এই দু'আ পড়তে হয়,

اَللّٰهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِيْ سَفَرِنَا هذَا الْبِرَّ وَالتَّقْوٰى، وَمِنَ الْعَمَلِ مَا تَرْضٰى اَللّٰهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هذَا وَاطْوِ عَنَّا بُعْدَهُ، اَللّٰهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِيْ السَّفَرِ وَالْخَلِيْفَةُ فِي الأَهْلِ، اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوْءِ الْمُنْقَلَبِ فِي الْمَالِ وَالأَهْلِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্না নাসআলুকা ফী সাফারিনা হা-যাল বির্রা অত্তাক্বওয়া অমিনাল আমালি মা তারযা। আল্লা-হুম্মা হাউবিন আলাইনা সাফারানা হা-যা অত্বিব আন্না বু'দাহ। আল্লা-হুম্মা আন্‌তাস্‌ স্বা-হিবু ফিস-সাফারি অলখালীফাতু ফিল আহল্‌। আল্লা-হুম্মা ইন্নী আঊযু বিকা মিন অ'সা-ইস্‌ সাফারি অকাআ-বাতিল মানযারি অসূইল মুনক্বালাবি ফিল মা-লি অলআহল্‌।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমরা আমাদের এই সফরে তোমার নিকট পুণ্য, সংযম, এবং সেই আমল প্রার্থনা করছি যাতে তুমি সন্তুষ্ট হও। হে আল্লাহ! তুমি আমাদের জন্য এই সফরকে সহজ করে দাও এবং এর দূরত্বকে সঙ্কুচিত করে দাও। আল্লাহ গো! তুমিই সফরের সাথী এবং পরিবারে প্রতিনিধিও তুমিই। হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট সফরের কষ্ট, মর্মান্তিক দৃশ্য এবং মালধন ও পরিবারে মন্দ প্রত্যাবর্তন থেকে আশ্রয় প্রার্থনা করছি।[1]

## ফুটনোট

[1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২/৯৯৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=7945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন